



BANGLADESH COUNCIL FOR CHILD WELFARE (BCCW)  
বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ (বাশিকপ)

Registered with Department of Social Services, # 201(1961)/ Foreign Donation Registration # 499  
22/1 Topkhana Road, Dhaka-1000, Phone : 02223384257, 02223389760  
E-mail: shishukallyanparishad@gmail.com, Website : www.bccw-bd.org



ফা-এপি-০১/বাশিকপ'২০০৫(প্রশাসন)প-২৩৪

তারিখ : ০২-১২-২০২১

বরাবর  
বার্তা সম্পাদক

.....  
.....

## প্রেস বিজ্ঞপ্তি

### মাসিক সাহিত্য আসর শততম সংখ্যা উর্মির মোড়ক উন্মোচন

বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ আয়োজিত নিয়মিত মাসিক সাহিত্য আসর শততম পর্ব সুসম্পন্নকরণ উপলক্ষে প্রকাশিত উর্মির মোড়ক উন্মোচন অনুষ্ঠান আগামী ০৩ ডিসেম্বর, ২০২১ শুক্রবার বিকেল ৪টায় পরিষদ মিলনায়তনে (২২/১, তোপখানা রোড, ঢাকা-১০০০) অনুষ্ঠিত হবে। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিশু সংগঠক, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক নিরঞ্জন অধিকারী। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন দৈনিক দেশেরকণ্ঠ পত্রিকার উপদেষ্টা সম্পাদক কবি নাসির আহমেদ। সভাপতিত্ব করবেন বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-এর সভাপতি ডা. মাখদুমা নাগিস। স্বাগত বক্তব্য রাখবেন সাহিত্য, পাঠাগার, প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা উপ-কমিটির চেয়ারম্যান ও সহ-সভাপতি এম আজিজুল ইসলাম এবং শুভেচ্ছা বক্তব্য রাখবেন বাশিকপ সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম।

অনুগ্রহপূর্বক বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে অনুষ্ঠিতব্য উর্মির মোড়ক উন্মোচন অনুষ্ঠানের সচিত্র সংবাদ সংগ্রহ ও প্রকাশ/প্রচারের জন্যে আপনাদের বহুল সমাদৃত জাতীয় দৈনিক/বার্তা সংস্থা /টেলিভিশন-বেতার চ্যানেলের একজন সাংবাদিক ও একজন আলোকচিত্রী/চিত্রগ্রাহক পাঠিয়ে বাধিত করবেন।

নাসির

নাসের ইকবাল যাদু  
যুগ্ম সম্পাদক, বাশিকপ